

## 🗏 আস-সাজদাহ | As-Sajda | ٱلسَّجْدَة

আয়াতঃ ৩২ : ২৮

### 💵 আরবি মূল আয়াত:

# وَ يَقُولُونَ مَتى هٰذَا الفَتحُ إِن كُنتُم صَدِقِينَ ﴿٢٨﴾

#### 🗚 আনুবাদসমূহ:

আর তারা বলে, কখন হবে এ ফয়সালা? তোমরা যদি সত্যবাদী হও তবে বল। — আল-বায়ান
আর তারা বলেঃ তোমরা যদি সত্যবাদী হও তাহলে বল, এ ফয়সালা কখন হবে? — তাইসিরুল
তারা জিজ্ঞেস করেঃ তোমরা যদি সত্যবাদী হও তাহলে বল, কখন হবে এই ফাইসালা? — মুজিবুর রহমান

And they say, "When will be this conquest, if you should be truthful?" — Sahih International

### ২৮. আর তারা বলে, তোমরা যদি সত্যবাদী হও, তবে বল, কখন হবে এ বিজয়?(১)

(১) তাফসীরকার মুজাহিদ আলোচ্য আয়াতে বিজয় এর অর্থ কেয়ামতের দিন বলে বর্ণনা করেছেন। [ইবন কাসীর; বাগভী] কাতাদাহ বলেন, এখানে শ্রুল বিচার ফয়সালাই বোঝানো হয়েছে। [আত-তাফসীরুস সহীহ] আল্লামা শানকীতী বলেন, কারণ, কুরআনের বহু আয়াতে এ শব্দটি বিচার-ফয়সালা অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন শুত্যাইব আলাইহিস সালাম এর যাবানীতে এসেছে, "হে আমাদের রব! আমাদের ও আমাদের সম্প্রদায়ের মধ্যে ন্যায্যভাবে মীমাংসা করে দিন এবং আপনিই শ্রেষ্ঠ মীমাংসাকারী।" [সূরা আল-আরাফ: ১৮৯] [আদওয়াউল বায়ান]

তাফসীরে জাকারিয়া

- (২৮) ওরা জিজ্ঞাসা করে, 'তোমরা যদি সত্যবাদী হও, তবে বল, এ বিচার-ফায়সালা কবে হবে?'[1]
  - [1] উক্ত ফায়সালা বলতে উদ্দেশ্য, আল্লাহর ঐ শাস্তি যা মক্কার কাফেররা নবী (সাঃ)-এর নিকট চাইত এবং (বিদ্রূপ করে) বলত, ওহে মুহাম্মাদ! তোমার আল্লাহর সাহায্য তোমার জন্য কখন আসবে; যে বিষয়ে তুমি আমাদেরকে ভয় দেখাচ্ছ? বর্তমানে আমরা তো দেখছি, তোমার প্রতি ঈমান আনয়নকারিগণ লুকিয়ে বেড়াচ্ছে!

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3531

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন